# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| তারিখ | ঃ | ৩১ অক্টোবর, ২০০৬ |
| স্থান | ঃ | সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। |
| সভাপতি | ঃ | কর্ণেল এ বি এম তায়েফুল ইসলাম<br>প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড<br>ও<br>স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। |

## <u>সভায় উপস্থিত সদস্যবৃন্দ</u>

| | | | |
|---|---|---|---|
| (১) | ক্যাপ্টেন এম নূরুল আমিন, (এন), এনডিসি, পিএসসি, বিএন<br>অধিনায়ক<br>বিএনএস হাজী মহসিন<br>ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (২) | গ্রুপ ক্যাপ্টেন মোঃ শফিকুল আলম, এফএডব্লিউসি, পিএসসি, জিডি (পি)<br>অধিনায়ক (প্রশাসনিক শাখা)<br>বিমানবাহিনী ঘাঁটি বাশার, ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (৩) | লেঃ কর্ণেল মোঃ নজরুল ইসলাম<br>সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (৪) | মেজর আব্দুর রশিদ আকন্দ<br>প্রতিনিধি, কমান্ড্যান্ট<br>সম্মিলিত সামরিক হাসপাতাল<br>ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (৫) | জনাব জিয়াউল ইসলাম চৌধুরী<br>বাসা # ৪৯/সি, শহীদ বদিউজ্জামান রোড<br>ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (৬) | লেঃ কর্ণেল (অবঃ) মোঃ সামসুদ্দিন আহমেদ<br>৩৪৬, বারিধারা ডিওএইচএস<br>ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (৭) | বেগম সালমা সিদ্দিকা মাহতাব<br>সহকারী কমিশনার ও ১ম শ্রেণীর ম্যাজিস্ট্রেট<br>জেলা প্রশাসক, ঢাকা এর প্রতিনিধি। | -- | সদস্য |

এছাড়া সভায় বিশেষ আমন্ত্রণে উপস্থিত ছিলেন গ্রুপ ক্যাপ্টেন ডিএস রাজা (অবঃ), সেক্রেটারী, বনানী ডিওএইচএস পরিষদ, লেঃ কর্ণেল মোঃ আব্দুর রাশেদ লস্কর (অবঃ), মেম্বার সিকিউরিটি এন্ড এ্যাডমিন, মহাখালী ডিওএইচএস পরিষদ, লেঃ কর্ণেল মোঃ আব্দুল খালেক (অবঃ), সেক্রেটারী, বারিধারা ডিওএইচএস পরিষদ এবং লেঃ কর্ণেল মোঃ শায়েরুজ্জামান, পিএসসি, সেক্রেটারী, মিরপুর ডিওএইচএস পরিষদ।

নব-নিযুক্ত প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড মহোদয় বোর্ডসভায় উপস্থিত সদস্য এবং আমন্ত্রিত অতিথিবৃন্দকে স্বাগত জানান এবং ক্যান্টনমেন্ট বোর্ডের কার্যাবলী সম্পাদনে সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন। আলোচনাক্রমে নব-নিযুক্ত ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারও তাঁর উপর অর্পিত দায়িত্ব সঠিকভাবে সম্পাদনের নিমিত্তে প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ডসহ বোর্ডের সকল সদস্যের সহযোগিতা কামনা করেন। সভায় উপস্থাপিত আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ-

চলমান পাতা-২

 

প্রস্তাব নং-১ ঃ গত ২৮ সেপ্টেম্বর, ২০০৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ গত ২৮ সেপ্টেম্বর, ২০০৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার প্রস্তাব নং-১৭ এর গৃহীত সিদ্ধান্তের উপর আলোচনাক্রমে জানা যায় যে, মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পের নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার লক্ষ্যে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী শাখা হতে ০৬(ছয়) জন প্রহরী অস্থায়ীভাবে নিয়োগ করা হয়েছে, যা প্রয়োজনের তুলনায় অপ্রতুল। এ বিষয়ে সভায় উপস্থিত মিরপুর ডিওএইচএস পরিষদ এর সেক্রেটারী লেঃ কর্ণেল মোঃ শায়েরুজ্জামান, পিএসসি জানান যে, মিরপুর ডিওএইচএস এলাকার নিরাপত্তার জন্য আনসার নিয়োগের নিমিত্তে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পত্র প্রদান করা হয়েছে। আলোচনান্তে মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে আগামী ০১(এক) বছরের জন্য আনসার নিয়োগসহ পরবর্তীতে উক্ত এলাকার প্লট গ্রহীতাদের মাসিক চাঁদার ভিত্তিতে এ ব্যয় সংকুলান করার সিদ্ধান্ত গৃহীত হলো। এছাড়া ২৮ সেপ্টেম্বর, ২০০৬ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণীর অবশিষ্টাংশ পর্যালোচনা ও দৃঢ়করণ করা হলো।

প্রস্তাব নং-২ ঃ সেপ্টেম্বর, ২০০৬ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ সেপ্টেম্বর, ২০০৬ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন করা হলো। স্টেশন হেলথ অর্গানাইজেশন কর্তৃক প্রদত্ত মাসিক স্বাস্থ্য প্রতিবেদনে রজনীগন্ধা সুপার মার্কেটস্থ কয়েকটি রেষ্টুরেন্ট এর পানির নমুনায় ক্ষতিকর জীবাণু পাওয়ায় সংশ্লিষ্ট রেস্টুরেন্ট এর পানির সরবরাহ বন্ধ করতঃ পানির রিজার্ভার ও সরবরাহ লাইন জীবানুমুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্টকে অনুরোধ করা হলো। ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত পানির পাম্পে নিয়মিত ক্লোরিন মেশানোর বিষয়টি তদারকি এবং রজনীগন্ধা সুপার মার্কেটস্থ জবাইখানা সরেজমিন পরিদর্শন করে এর পরিষ্কার-পরিচ্ছন্নতার ব্যাপারে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করার পরামর্শ প্রদান করা হলো। সিএমইএস (আর্মি) এর সাথে সমন্বয় করে ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত ম্যানহোলের ঢাকনা পর্যায়ক্রমে লোহার পরিবর্তে কংক্রীট এ রূপান্তরের সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-৩ ঃ সেপ্টেম্বর, ২০০৬ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ সেপ্টেম্বর, ২০০৬ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো। আয়-ব্যয়ের হিসাব বিবরণীতে অতঃপর বিভিন্ন খাতে বকেয়ার পরিমাণ খাতওয়ারী প্রদর্শন এবং আগামী বোর্ডসভায় ক্যান্টনমেন্ট বোর্ডের বার্ষিক নিরীক্ষা আপত্তির পরিসংখ্যান পেশ করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্টকে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-৪ ঃ ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬ নং প্লট ও প্লটে নির্মিত ০১(এক) তলা বাড়ীটির মালিক (১) জনাব আহসানুল কবির, (২) বেগম পারভীন আহমেদ ও (৩) বেগম জেরীন আহমেদ এর ১০ সেপ্টেম্বর, ২০০৬ তারিখের আবেদনের প্রেক্ষিতে জনাব আমিন আহমদ, পিতা- মরহুম ডাঃ মফিজুদ্দিন আহমেদ ভূঁইয়া, বাড়ী # ৩৩, রোড # ২, ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৫ এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ১২ অক্টোবর, ২০০৬ তারিখের ১৩০০/১২০/৫৭/৫ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ক্রেতার অনুকূলে প্রাপ্ত অনাপত্তি ছাড়পত্র এবং অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর সভায় আলোচনা করা হলো। আলোচনান্তে ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬ নং প্লট ও প্লট সমেত ০১(এক) তলা বাড়ীটি জনাব আমিন আহমদ, পিতা- মরহুম ডাঃ মফিজুদ্দিন আহমেদ ভূঁইয়া, বাড়ী # ৩৩, রোড # ২, ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৫ এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-৩

প্রস্তাব নং-৫ ঃ ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭৯ নং প্লটে নির্মিত বাড়ীর এ-৬ নং ফ্ল্যাটের মালিক জনাব কাজী নূরুদ্দীন শাহরিয়ার এর ২৬ সেপ্টেম্বর, ২০০৬ তারিখের আবেদনের প্রেক্ষিতে মেজর জেনারেল (অবঃ) প্রফেসর ডাঃ এ এস এম মতিউর রহমান, বাড়ী # ৭৯, ফ্ল্যাট # এ-৩, রোড # ১১, ক্যান্টনমেন্ট বা/এ, ঢাকা সেনানিবাস এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এতদ্ব্যাপারে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ১২ অক্টোবর, ২০০৬ তারিখের ১৩০০/৩০/১০/নিরাপত্তা নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ক্রেতার অনুকূলে প্রাপ্ত অনাপত্তি ছাড়পত্র এবং অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭৯ নং প্লটে নির্মিত বাড়ীর এ-৬ নং ফ্ল্যাটটি মেজর জেনারেল (অবঃ) প্রফেসর ডাঃ এ এস এম মতিউর রহমান, বাড়ী # ৭৯, ফ্ল্যাট # এ-৩, রোড # ১১, ক্যান্টনমেন্ট বা/এ, ঢাকা সেনানিবাস এর নিকট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-৬ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ৬৯ নং প্লটে নির্মিত বাড়ীর ২০২ নং ফ্ল্যাটটি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে মিসেস রেহানা আক্তার, স্বামী- জনাব মোঃ এমদাদুল হক এর নামে নামজারীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। উল্লেখ্য যে, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্রের প্রেক্ষিতে অত্র দপ্তরের ১১ জুন, ২০০5 তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/ ৬৯/ফ্ল্যাট নং-২০২/৮ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ফ্ল্যাটটি হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়েছে। এতদ্ব্যাপারে অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশ ও সংশ্লিষ্ট আবেদনকারীর নামে নামজারীর ব্যাপারে তাঁর ০৩ অক্টোবর, ২০০৬ তারিখের আবেদনপত্রসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ৬৯ নং প্লটে নির্মিত বাড়ীর ২০২ নং ফ্ল্যাটটি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে মিসেস রেহানা আক্তার, স্বামী- জনাব মোঃ এমদাদুল হক এর নামে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-৭ ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ৬৯ নং প্লটে নির্মিত বাড়ীর ৫০২ নং ফ্ল্যাটটি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে মিসেস ফরিদা ইয়াসমিন, স্বামী- জনাব মোহাম্মদ ইউসুফ এর নামে নামজারীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। উল্লেখ্য যে, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্রের প্রেক্ষিতে অত্র দপ্তরের ১৬ এপ্রিল, ২০০5 তারিখের ঢাক্যাবো/ ক্যাঃবাঃএঃ/৬৯/ফ্ল্যাট নং-৫০২/১১ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ফ্ল্যাটটি হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়েছে। এতদ্ব্যাপারে অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশ ও সংশ্লিষ্ট আবেদনকারীর নামে নামজারীর ব্যাপারে তাঁর ০৩ অক্টোবর, ২০০৬ তারিখের আবেদনপত্রসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ৬৯ নং প্লটে নির্মিত বাড়ীর ৫০২ নং ফ্ল্যাটটি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে মিসেস ফরিদা ইয়াসমিন, স্বামী- জনাব মোহাম্মদ ইউসুফ এর নামে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-৪

প্রস্তাব নং-৮ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ৬৯ নং প্লটে নির্মিত বাড়ীর ৬০২ নং ফ্ল্যাটটি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে জনাব মাহমুদ ইবনে আব্বাস, পিতা- স্কোয়াড্রন লিডার আব্বাস (অবঃ) এর নামে নামজারীর ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। উল্লেখ্য যে, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্রের প্রেক্ষিতে অত্র দপ্তরের ১৬ এপ্রিল, ২০০৫ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/৬৯/ফ্ল্যাট নং-৬০২/৭ নং পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ফ্ল্যাটটি হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়েছে। এতদ্ব্যাপারে অত্র দপ্তরের প্রকৌশল শাখা ও রাজস্ব শাখার সুপারিশ ও সংশ্লিষ্ট আবেদনকারীর নামে নামজারীর ব্যাপারে তাঁর ০৩ অক্টোবর, ২০০৬ তারিখের আবেদনপত্রসহ নথিটি উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকাস্থিত ৬৯ নং প্লটে নির্মিত বাড়ীর ৬০২ নং ফ্ল্যাটটি দলিল সম্পাদনপূর্বক হস্তান্তরের প্রেক্ষিতে জনাব মাহমুদ ইবনে আব্বাস, পিতা- স্কোয়াড্রন লিডার আব্বাস (অবঃ) এর নামে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রস্তাব নং-৯ ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের এমপি চেকপোস্ট সংলগ্ন একটি গ্রুপ টয়লেট ২০০৬-২০০৭ আর্থিক সালে ০১(এক) বছরের জন্য ইজারা প্রদানের নিমিত্তে দরপত্র আহ্বান করা হলে ১০ অক্টোবর, ২০০৬ তারিখে ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে জনাব মোঃ শাহজাহান ভূঁইয়া, ৬২৫/ঝিলপাড়, কাফরুল, ঢাকা সেনানিবাস কর্তৃক প্রদত্ত ৮২,৭০০/- (বিরাশি হাজার সাতশত) টাকার দর সর্বোচ্চ হয়। উক্ত সর্বোচ্চ দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে ইতোমধ্যে অর্থ বছরের ৪ মাস অতিক্রান্ত হওয়ায় সর্বোচ্চ দরদাতা সম্মত থাকায় রজনীগন্ধা সুপার মার্কেটের এমপি চেকপোস্ট সংলগ্ন একটি গ্রুপ টয়লেট ২০০৬-২০০৭ আর্থিক সালে ০১(এক) বছরের জন্য ইজারা প্রদানের নিমিত্তে ৮২,৭০০/- (বিরাশি হাজার সাতশত) টাকার সর্বোচ্চ দর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের নিমিত্তে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্টকে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-১০ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৫ মোতাবেক | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | মিরপুর সামরিক অফিসার আবাসিক প্রকল্পের ২য় ধাপের দক্ষিণ পার্শ্বের প্লট নং-৩৯৩ হতে ৪৪৯ পর্যন্ত এবং প্রথম ধাপের ১৩৩ নং প্লটের পূর্ব পার্শ্বের ভাঙ্গা ওয়াল নির্মাণ। | ১৪,২৯,৬৯৭/- টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (২) | মিরপুর ডিওএইচএস এর নিরাপত্তা বাতির তার ও শেড সরবরাহ ও স্থাপন কাজ। | ২,১৭,১৫৮/- টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (৩) | স্টাফ কোয়ার্টার নং-৬৫/ডি-৫, ৭, ৯, ১০ ও ১১ মেরামত ও সাজসজ্জাকরণ কাজ। | ১,২১,২৬৯/-টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (৪) | স্টাফ কোয়ার্টার ৯১, ৯২, শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুল ও শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ স্টাফ কোয়ার্টারের পানির ওভারহেড ট্যাংক, পানির মোটর সরবরাহ ও স্থাপন। | ৪৭,৫৭৭/- টাকা (বাজার দর) | -ঐ- |
| (৫) | রজনীগন্ধা অফিসার্স পারিবারিক বাসস্থানের সম্মুখে রাস্তার মেরামত ও কার্পেটিং কাজ। | ২৯,৬০০/- টাকা | -ঐ- |

চলমান পাতা-৫

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৫ মোতাবেক | মন্তব্য |
|---|---|---|---|
| (৩) | শহীদ লেঃ আনোয়ার গার্লস কলেজ সংলগ্ন চৌরাস্তার যানবাহন সংকেত বাতি জলার সময় সমন্বয়ের জন্য কন্ট্রোলারের প্রোগ্রাম পরিবর্তন ও আনুষাঙ্গিক কাজ সম্পাদন। | ৪৯,৮০০/- টাকা (বাজার দর) | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |

গৃহীত সিদ্ধান্ত ঃ উপস্থাপিত মূল্যানুমানসমূহের উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে মূল্যানুমানসমূহ অনুমোদন করা হলো। অনুমোদিত মূল্যানুমানসমূহের দরপত্র আহ্বানপূর্বক চূড়ান্ত অনুমোদনের নিমিত্তে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-১১ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নোক্ত কাজের সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৫ মোতাবেক | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত্ত দর | সিএমইএস (আর্মি) কর্তৃক ভেটিংকৃত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (১) | শহীদ সরণিতে রোড মার্কিং পেইন্ট দ্বারা গতিসীমা (৪৫/৬০) ও সতর্কতামূলক (Slow) লিখন ও জেব্রা ক্রসিং এর পার্শ্বে ইটের গাঁথুনী দ্বারা ধাপ তৈরীকরণ। | ৪৮,০১০/- টাকা | মেসার্স প্রগ্রেসিভ ইঞ্জিনিয়ার্স এন্ড কোং | ০৯.৪০% উর্ধ্বে | ০৯.৪০% উর্ধ্বে | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (২) | শহীদ সরণিস্থ বিমান সদর দপ্তরের উত্তর পার্শ্বে, প্রধানমন্ত্রীর কার্যালয়ের সাথে সশস্ত্র বাহিনী বিভাগ এবং তিন বাহিনী সদর দপ্তরের সাথে ফাইবার অপটিক কেবল নেটওয়ার্ক স্থাপনের রোড কাটিং মেরামত কাজ। | ২৬,৬০০/- টাকা | মেসার্স রিয়া এন্টারপ্রাইজ | ০৯.০০% উর্ধ্বে | ০৯.০০% উর্ধ্বে | রোড কাটিং এর জন্য জমাকৃত অর্থ |
| (৩) | শহীদ জাহাঙ্গীর গেইটের সম্মুখে স্পাইক ব্যারিয়ারের দুই পার্শ্বে কার্পেটিং ও সীল কোট করণ। | ৩২,৬২৫/- টাকা | মেসার্স সেভেন সিরিজ এন্টারপ্রাইজ | ০৯.৯৬% উর্ধ্বে | ০৯.৯৬% উর্ধ্বে | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (৪) | রজনীগন্ধা সুপার মার্কেটস্থ জনতা ব্যাংক ভবনের দুইটি কলাপসিবল গেইট পরিবর্তনসহ মেরামত কাজ। | ২৪,৬৬২/- টাকা | মেসার্স শফিক ট্রেডিং কর্পোরেশন | ০৯.০০% উর্ধ্বে | ০৯.০০% উর্ধ্বে | -ঐ- |
| (৫) | স্টাফ কোয়ার্টার নং-৬৫/ডি এর পিছনে বাউন্ডারী ওয়াল মেরামতসহ অন্যান্য মেরামত কাজ। | ২৪,৬০০/- টাকা | মেসার্স হাবিব এন্ড সন্স | ০৯.৯৯% উর্ধ্বে | ০৮.০০% উর্ধ্বে | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (৬) | শহীদ সরণিস্থ গ্যারিসন সিনেমা হলের সামনের গ্রীল, ফুটপাত ও বাউন্ডারী ওয়াল রংকরণ কাজ। | ১৬,৭৫০/- টাকা | মেসার্স এম এইচ এন্টারপ্রাইজ | ১১.০০ % উর্ধ্বে | ০১.০০% নিম্নে | -ঐ- |
| (৭) | স্টাফ কোয়ার্টার নং-২৫/এ (দ্বিতীয় তলা-পশ্চিম পার্শ্ব) মেরামত ও সাজসজ্জাকরণ। | ২৩,৩৪৬/- টাকা | মেসার্স পিয়ার আহম্মেদ এন্ড ব্রাদার্স | ০৯.৫০% উর্ধ্বে | সিডিউল সমহার | -ঐ- |

চলমান পাতা-৬/

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৫ মোতাবেক | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত দর | সিএমইএস (আর্মি) কর্তৃক ভেটিংকৃত দর | |
|---|---|---|---|---|---|---|
| (৮) | শহীদ সরণিস্থ শহীদ জাহাঙ্গীর গেইট হতে সিগন্যাল গেইট পর্যন্ত রাস্তার উভয় পার্শ্বে ফুটপাত মেরামত করণ। | ৪৯,০০০/- টাকা | মেসার্স প্রগ্রেসিভ ইঞ্জিনিয়ার্স এন্ড কোং | ০৭.৫০% উর্ধ্বে | ০৭.৫০% উর্ধ্বে | মেরামত ও রক্ষণাবেক্ষণ |

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোল্লিখিত ০৮ (আট)টি কাজের সর্বনিম্ন দরের উপর সভায় বিস্তারিত আলোচনা করা হয়। প্রকল্পসমূহের দর বর্তমানে চলমান এমইএস এর অনুরূপ কাজের সাথে সামঞ্জস্য রেখে সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস কর্তৃক ভেটিং করা হয়েছে এবং বোর্ড সভায় নিম্নলিখিত দর অনুমোদন করা হলো। বোর্ডসভার অনুমোদিত দরে সংশ্লিষ্ট ঠিকাদারগণ কাজ করতে সম্মত থাকলে সম্মতিপত্র গ্রহণপূর্বক কার্যাদেশ প্রদানসহ উল্লেখিত কাজের গুণগত মান নিশ্চিত করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্টকে অনুরোধ করা হলো।

(১) ০৯.৪০% উর্ধ্বদর অনুমোদিত।
(২) ০৯.০০% উর্ধ্বদর অনুমোদিত।
(৩) ০৯.৯৬% উর্ধ্বদর অনুমোদিত।
(৪) ০৯.০০% উর্ধ্বদর অনুমোদিত।
(৫) ০৮.০০% উর্ধ্বদর অনুমোদিত।
(৬) ০১.০০% নিম্নদর অনুমোদিত।
(৭) সিডিউল সমহার অনুমোদিত।
(৮) ০৭.৫০% উর্ধ্বদর অনুমোদিত।

প্রস্তাব নং-১২ ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | বেগম খালেদা জিয়া | ০৬ | শহীদ মঈনুল রোড, ঢাকা সেনানিবাস | ০২ (দুই) তলা ভবন, ঘটনোত্তর অনুমোদন |
| (২) | বেগম ইয়াকুতুন নেছা<br>স্বামী- আবু ইব্রাহিম | বি/১৫০ | ডিওএইচএস মহাখালী | সংশোধিত ০৬(ছয়) তলা |
| (৩) | বেগম কহিনূর আক্তার<br>স্বামী- দেলোয়ার হোসেন | বি/১৫২ | -ঐ- | -ঐ- |
| (৪) | কর্নেল তৌফিকুর রহমান (অবঃ) | ২২৫ | ডিওএইচএস মিরপুর | ২টি প্লটে যৌথভাবে ০৬(ছয়) তলা ভবন নির্মাণ |
| | ব্রিগেঃ জেনাঃ মোঃ রফিকুল ইসলাম | ২২৭ | | |
| (৫) | ব্রিগেঃ জেনাঃ মোশারফ হোসেন | ১৬৩ | -ঐ- | -ঐ- |
| | ব্রিগেঃ জেনাঃ গোলাম হোসেন | ১৬৪ | | |

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনান্তে ক্রমিক নং-১ এ উল্লেখিত নকশাটি ঘটনোত্তর অনুমোদনসহ উপস্থাপিত নকশাসমূহ অনুমোদন করা হলো। ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

চলমান পাতা-৭

**প্রস্তাব নং-১৩ঃ** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নবর্ণিত প্রকল্পসমূহ সফলভাবে সমাপ্তির পর ০১(এক) বছর অতিক্রান্ত হওয়ায় জামানত হিসেবে জমাকৃত টাকা ফেরত দেয়ার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | ঠিকাদারী ফার্মের নাম |
|---|---|---|
| (১) | রিভারভিউ ক্যান্টনমেন্ট বোর্ড স্কুলের আসবাবপত্র সরবরাহ ও স্থাপন কাজ। | মেসার্স দিলদার এন্টারপ্রাইজ |
| (২) | স্বাধীনতা সরণির উভয় পার্শ্বে শহীদ লেঃ আনোয়ার গার্লস কলেজের নিকটস্থ চৌরাস্তা হতে রজনীগন্ধা সুপার মার্কেটের মিরপুর লিংক রোড পর্যন্ত রাস্তার উভয় পার্শ্বে রোড ডিভাইডার নির্মাণ কাজ। | মেসার্স এস এস এন্টারপ্রাইজ |
| (৩) | সেনাভবনের সামনের বাগানে ফুলের বেড তৈরীর গাইড ওয়াল নির্মাণ। | মেসার্স মুক্তি প্রকৌশলী সংস্থা |
| (৪) | শহীদ সরণি, স্বাধীনতা সরণি ও শহীদ মঈনুল রোডে টিএন্ডটি কর্তৃক খননকৃত রাস্তা মেরামত ও কার্পেটিং কাজ। | মেসার্স শাহ আমিন ট্রেডার্স |
| (৫) | আদর্শ বিদ্যানিকেতন, মানিকদী, ঢাকা সেনানিবাসের আসবাবপত্র সরবরাহ ও স্থাপন কাজ। | মেসার্স দি কারিগর |
| (৬) | রজনীগন্ধা সুপার মার্কেটের উত্তর পার্শ্বে টয়লেট এবং সেপটিক ট্যাংক মেরামত কাজ। | মেসার্স এম এস বিজনেস এন্ড কন্ট্রাক্ট |
| (৭) | ঢাকা সেনানিবাসের আজিজ পল্লীর শিশু পার্ক মেরামত ও রংকরণ কাজ। | মেসার্স খান ট্রেডার্স |
| (৮) | রজনীগন্ধা সুপার মার্কেটে কাঁচা বাজার সংলগ্ন টয়লেট এর সেপটিক ট্যাংক মেরামতসহ ড্রেনেজ লাইন সম্প্রসারণ কাজ। | মেসার্স মধুমতি ট্রেডার্স |
| (৯) | আদর্শ বিদ্যানিকেতন মানিকদী, ঢাকা সেনানিবাসের মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। | মেসার্স সরদার ট্রেডার্স |
| (১০) | রজনীগন্ধা সুপার মার্কেটের উত্তর পার্শ্বে গ্রুপ টয়লেট সংলগ্ন ড্রেনেজ লাইন নির্মাণ কাজ। | মেসার্স এম এস বিজনেস এন্ড কন্ট্রাক্ট |
| (১১) | ঢাকা সেনানিসবাসস্থ গ্যারিসন বাসস্ট্যান্ড এলাকায় বৃষ্টির পানি অপসারণের জন্য পাইপ ড্রেন নির্মাণ কাজ। | মেসার্স জুঁই এন্টারপ্রাইজ |
| (১২) | মুসলিম মডার্ণ একাডেমী মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। | মেসার্স ইব্রাহিম এন্ড ব্রাদার্স |
| (১৩) | শহীদ সরণির পূর্ব পার্শ্বে এএফএনএস মেস এর সম্মুখে ফুটপাত ও ড্রেন নির্মাণ। | মেসার্স জুয়েল এন্টারপ্রাইজ |
| (১৪) | রজনীগন্ধা সুপার মার্কেটে মুরগী জবাইখানার শেড নির্মাণ। | মেসার্স গাজী এন্ড ব্রাদার্স |
| (১৫) | ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের পূর্ব পার্শ্বের নার্সারীর জন্য ফাইবার টিনের শেড নির্মাণ। | মেসার্স রিয়া এন্টারপ্রাইজ |
| (১৬) | শহীদ সরণির পূর্ব পার্শ্বে পোস্ট অফিস সংলগ্ন এলাকায় একটি বিউটি স্পট নির্মাণ। | মেসার্স এস এস এন্টারপ্রাইজ |
| (১৭) | শহীদ জাহাঙ্গীর গেইট ও শহীদ বাশার রোডের সমুন্নত স্বাধীনতা গেইটের পার্শ্বে ফুলের বেড তৈরীকরণ কাজ। | মেসার্স জি এম ট্রেডার্স |
| (১৮) | আদমজী ক্যান্টনমেন্ট কলেজের সম্মুখস্থ শহীদ সরণির পার্শ্বে ফুটপাতের উপর জিআই পাইপের রেলিং নির্মাণ। | মেসার্স জয়নাল এন্টারপ্রাইজ |
| (১৯) | রজনীগন্ধা সুপার মার্কেটে একটি গ্রুপ টয়লেট নির্মাণ। | মেসার্স গাজী এন্ড ব্রাদার্স |
| (২০) | ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের নার্সারীর জন্য ফাইবার টিনের শেড নির্মাণ। | মেসার্স জয়নাল এন্টারপ্রাইজ |

**গৃহীত সিদ্ধান্ত।** প্রস্তাবনাটির উপর আলোচনান্তে সভায় উপস্থাপিত প্রকল্পসমূহ সফলভাবে সমাপ্তির পর ০১ (এক) বৎসর অতিক্রান্ত হওয়ায় সংশ্লিষ্ট প্রকৌশলী ও ব্যবহারকারীর/উপকারভোগীর প্রত্যয়ন সাপেক্ষে জামানত হিসাবে জমাকৃত টাকা ফেরত দেয়ার সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-৮

প্রস্তাব নং-১৪ ঃ ২০০৬-২০০৭ আর্থিক সালে পবিত্র ঈদ-উল-ফিতর ও ঈদ-উল-আযহার জামাত অনুষ্ঠানের লক্ষ্যে সেনানিবাস জামে মসজিদ ঈদগাহ মাঠে ত্রিপলসহ চাদর দিয়ে সাজানো এবং দু'টি গেইট তৈরীর নিমিত্তে দরপত্র আহ্বান করা হলে ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স সাগর ডেকোরেটর, রজনীগন্ধা সুপার মার্কেট, ঢাকা সেনানিবাস প্রতি ঈদের জন্য ৩৪,০০০/- (চৌত্রিশ হাজার) টাকা হিসেবে সর্বনিম্ন দর প্রদান করেন। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উল্লেখ্য যে, ২০০৫-২০০৬ আর্থিক সালে উক্ত কাজের জন্য ৩৪,০০০/- (চৌত্রিশ হাজার) টাকার দর অনুমোদন করা হয়েছিল।

গৃহীত সিদ্ধান্ত ঃ ২০০৬-২০০৭ আর্থিক সালে পবিত্র ঈদ-উল-ফিতর এর জামাত অনুষ্ঠানের লক্ষ্যে সেনানিবাস জামে মসজিদ ঈদগাহ মাঠে ত্রিপলসহ চাদর দিয়ে সাজানো এবং দু'টি গেইট তৈরীর নিমিত্তে মেসার্স সাগর ডেকোরেটর, রজনীগন্ধা সুপার মার্কেট, ঢাকা সেনানিবাস কর্তৃক প্রদত্ত ৩৪,০০০/- (চৌত্রিশ হাজার) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো। ঈদ-উল-আযহার জন্য মাঠ সজ্জার বিষয়টি পরবর্তী সভায় উপস্থাপনের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্টকে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-১৫ ঃ ঢাকা সেনানিবাসস্থ স্টাফ রোড এলাকায় রোপণের জন্য ২৭(সাতাশ) প্যাকেট হাইব্রিড সালভিয়া ফুলের বীজ সরবরাহের নিমিত্তে দরপত্র আহ্বান করা হলে ১৮ সেপ্টেম্বর, ২০০৬ তারিখে ০৩ (তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে কৃষিবিদ উপকরণ নার্সারী, ১১-এ, ৩/৭ মিরপুর-১১, ঢাকা কর্তৃক প্রদত্ত প্রতি প্যাকেট ১,৮০০/- (এক হাজার আটশত) টাকা হিসেবে ৪৮,৬০০/-(আটচল্লিশ হাজার ছয়শত) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ঢাকা সেনানিবাসস্থ স্টাফ রোড এলাকায় রোপণের জন্য ২৭(সাতাশ) প্যাকেট হাইব্রিড সালভিয়া ফুলের বীজ সরবরাহের নিমিত্তে কৃষিবিদ উপকরণ নার্সারী, ১১-এ, ৩/৭ মিরপুর-১১, ঢাকা কর্তৃক প্রদত্ত প্রতি প্যাকেট ১,৮০০/-(এক হাজার আটশত) টাকা হিসেবে ২৭ প্যাকেট বীজের জন্য ৪৮,৬০০/-(আটচল্লিশ হাজার ছয়শত) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-১৬ ঃ ঢাকা সেনানিবাসস্থ শহীদ জাহাঙ্গীর গেইট এলাকায় রোপণের জন্য ১২(বার) প্যাকেট ইনকা ফুলের বীজ সরবরাহের নিমিত্তে দরপত্র আহ্বান করা হলে ২১ সেপ্টেম্বর, ২০০৬ তারিখে ০৩টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে কৃষিবিদ উপকরণ নার্সারী, ১১-এ, ৩/৭ মিরপুর-১১, ঢাকা কর্তৃক প্রদত্ত প্রতি প্যাকেট ৪,১০০/-(চার হাজার একশত) টাকা হিসেবে ১২ প্যাকেট বীজের জন্য ৪৯,২০০/-(উনপঞ্চাশ হাজার দুইশত) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ঢাকা সেনানিবাসস্থ শহীদ জাহাঙ্গীর গেইট এলাকায় রোপণের জন্য ১২(বার) প্যাকেট ইনকা ফুলের বীজ সরবরাহের নিমিত্তে কৃষিবিদ উপকরণ নার্সারী, ১১-এ, ৩/৭ মিরপুর-১১, ঢাকা কর্তৃক প্রদত্ত প্রতি প্যাকেট ৪,১০০/-(চার হাজার একশত) টাকা হিসেবে ১২ প্যাকেট বীজের জন্য ৪৯,২০০/-(উনপঞ্চাশ হাজার দুইশত) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-১৭ ঃ ঢাকা সেনানিবাসস্থ স্বাধীনতা সরণি এলাকায় রোপণের জন্য ১২(বার) প্যাকেট ইনকা ফুলের বীজ সরবরাহের নিমিত্তে দরপত্র আহ্বান করা হলে ০১ অক্টোবর, ২০০৬ তারিখে ০৩টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে কৃষিবিদ উপকরণ নার্সারী, ১১-এ, ৩/৭ মিরপুর-১১, ঢাকা কর্তৃক প্রদত্ত প্রতি প্যাকেট ৪,১০০/-(চার হাজার একশত) টাকা হিসেবে ১২ প্যাকেট বীজের জন্য ৪৯,২০০/-(উনপঞ্চাশ হাজার দুইশত) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ঢাকা সেনানিবাসস্থ স্বাধীনতা সরণি এলাকায় রোপণের জন্য ১২(বার) প্যাকেট ইনকা ফুলের বীজ সরবরাহের নিমিত্তে কৃষিবিদ উপকরণ নার্সারী, ১১-এ, ৩/৭ মিরপুর-১১, ঢাকা কর্তৃক প্রদত্ত প্রতি প্যাকেট ৪,১০০/-(চার হাজার একশত) টাকা হিসেবে ১২ প্যাকেট বীজের জন্য ৪৯,২০০/-(উনপঞ্চাশ হাজার দুইশত) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো।

চলমান পাতা-৯

**প্রস্তাব নং-১৮ ঃ** ঢাকা সেনানিবাসস্থ আর্মি হেড কোয়ার্টার হতে সিএমএইচ পর্যন্ত রাস্তার পার্শ্বে রোপণের জন্য ২৩ (তেইশ) প্যাকেট হাইব্রিড সালভিয়া ফুলের বীজ সরবরাহের নিমিত্তে দরপত্র আহ্বান করা হলে ০৫ অক্টোবর, ২০০৬ তারিখে ০৩টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে কৃষিবিদ উপকরণ নার্সারী, ১১-এ, ৩/৭ মিরপুর-১১, ঢাকা কর্তৃক প্রদত্ত প্রতি প্যাকেট ১,৮০০/-(এক হাজার আটশত) টাকা হিসেবে ২৩ প্যাকেট বীজের জন্য ৪১,৪০০/-(একচল্লিশ হাজার চারশত) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

**গৃহীত সিদ্ধান্ত ঃ** আলোচনান্তে ঢাকা সেনানিবাসস্থ আর্মি হেড কোয়ার্টার হতে সিএমএইচ পর্যন্ত রাস্তার পার্শ্বে রোপণের জন্য ২৩ (তেইশ) প্যাকেট হাইব্রিড সালভিয়া ফুলের বীজ সরবরাহের নিমিত্তে কৃষিবিদ উপকরণ নার্সারী, ১১-এ, ৩/৭ মিরপুর-১১, ঢাকা কর্তৃক প্রদত্ত প্রতি প্যাকেট ১,৮০০/-(এক হাজার আটশত) টাকা হিসেবে ২৩ প্যাকেট বীজের জন্য ৪১,৪০০/-(একচল্লিশ হাজার চারশত) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো।

**১৯বিবিধ (১) ঃ** মহাখালী ডিওএইচএস পরিষদ কার্যকরী কমিটির ১০ম সভার কার্যবিবরণীর আলোচ্যসূচী ১১ ও ১৪ এর প্রস্তাবিত বিষয়ে আলোচনান্তে সিদ্ধান্ত গ্রহণ। এ প্রসংগে সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ২২ অক্টোবর, ২০০৬ তারিখের ৩৯১৭/১০/এ/ডিওএইচএস/এমকিউ-২ নং পত্রখানা সভায় উপস্থাপন করা হলো।

**<u>মহাখালী ডিওএইচএস পরিষদ কার্যকরী কমিটির ১০ম সভার আলোচ্যসূচী-১১ ঃ</u>**

মহাখালী ডিওএইচএস এলাকায় ফাইবার অপটিক ক্যাবল সংযোগ প্রদান/অনুমতি প্রদান প্রসংগে।

**<u>ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক প্রদত্ত মতামত ঃ</u>**

ডিওএইচএস মহাখালী এলাকায় উন্নত গ্রাহক সেবা প্রদানের জন্য আধুনিক ইন্টারনেট ব্যবস্থা চালু করার লক্ষ্যে ফাইবার অপটিক ক্যাবল সংযোগ প্রদানের বিষয়ে অত্র দপ্তরের অনুমোদনের নিমিত্তে আবেদন করা হলে তা বোর্ডসভায় উপস্থাপনের মাধ্যমে অনুমোদনের কার্যক্রম গ্রহণ করা হবে।

**<u>মহাখালী ডিওএইচএস পরিষদ কার্যকরী কমিটির ১০ম সভার আলোচ্যসূচী- ১৪ ঃ</u>**

মহাখালী ডিওএইচএস পরিষদ অফিসের পরিসর বৃদ্ধিকরণ প্রসংগে।

**<u>ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক প্রদত্ত মতামত ঃ</u>**

মহাখালী ডিওএইএস পরিষদ অফিসের পরিসর বৃদ্ধিকরণ প্রয়োজন বিধায় তা অনুমোদন করা যেতে পারে।

**গৃহীত সিদ্ধান্ত ঃ** প্রস্তাবনাটির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনায় জানা যায় যে, ঢাকা সেনানিবাসস্থ বনানী, মহাখালী ও বারিধারা ডিওএইচএস এলাকার রাস্তায় টেলিফোন/ইন্টারনেট/ক্যাবল টিভির তার যথেচ্ছভাবে ছড়িয়ে ছিটিয়ে থাকার কারণে এলাকার স্বাভাবিক সৌন্দর্য বিনষ্টসহ জন ও যান চলাচলে মারাত্মক বিঘ্ন সৃষ্টি হচ্ছে। এছাড়া এ সকল ক্যাবল এলোপাতাড়ি ছড়িয়ে ছিটিয়ে থাকার কারণে যে কোন সময় দুর্ঘটনা ঘটার আশংকা রয়েছে। আলোচনান্তে ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস সমূহে ক্যাবল টিভি/ইন্টারনেট/ফাইবার অপটিক ক্যাবল/টেলিফোন লাইন ইত্যাদি মাটির নীচ দিয়ে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক স্থাপন করতঃ সংশ্লিষ্ট পরিচালনাকারী প্রতিষ্ঠানের নিকট লীজ প্রদানের সম্ভাব্যতা যাচাইয়ের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ডিওএইচএসসমূহের প্রতিনিধি ও স্টেশন সদর দপ্তরের প্রতিনিধির সমন্বয়ে একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হলো। মহাখালী ডিওএইচএস পরিষদের অফিসের পরিসর বৃদ্ধির কাজটি সংশ্লিষ্ট ডিওএইচএস পরিষদ এর নিজস্ব ব্যয়ে সম্পাদন করা যেতে পারে।

<u>চলমান পাতা-১০</u>

**১৯বিবিধ (২) ঃ** বারিধারা সামরিক অফিসার আবাসিক প্রকল্পের মসজিদ সংলগ্ন পুকুর পাড়ে ত্রিভুজাকৃতির জায়গাটি ইটের সলিং দ্বারা গাড়ী পার্কিং এর স্থান নির্মাণের জন্য এমইএস সিডিউল অব রেইটস্ ২০০৫ মোতাবেক ৩,৬৫,৭২১/- (তিন লক্ষ পঁয়ষট্টি হাজার সাতশত একুশ) টাকার মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসংগে সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ৩০ অক্টোবর, ২০০৬ তারিখের ৩৯১৭/৯/২/ডিওএইচএস/এমকিউ-২ নং পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

**গৃহীত সিদ্ধান্ত ঃ** বিষয়টির উপর আলোচনান্তে বারিধারা সামরিক অফিসার আবাসিক প্রকল্পের মসজিদ সংলগ্ন পুকুর পাড়ে ত্রিভুজাকৃতির জায়গায় ইটের সলিং দ্বারা গাড়ী পার্কিং এর স্থান নির্মাণের জন্য এমইএস সিডিউল অব রেইটস্ ২০০৫ মোতাবেক ৩,৬৫,৭২১/- (তিন লক্ষ পঁয়ষট্টি হাজার সাতশত একুশ) টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্টকে অনুরোধ করা হলো।

**১৯বিবিধ (৩) ঃ** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নোক্ত কাজের সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৫ মোতাবেক | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত দর | সিএমইএস (আর্মি) কর্তৃক ভেটিংকৃত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (১) | শহীদ সরণিস্থ শহীদ জাহাঙ্গীর গেইট হতে শহীদ আনোয়ার গার্লস কলেজ চৌরাস্তা পর্যন্ত এবং স্বাধীনতা সরণির উভয় পার্শ্বের নিরপত্তা বাতির পোল (ব্রাকেট ও শেডসহ), সিগন্যাল পোল রংকরণ এবং বৈদ্যুতিক স্যুইচ বোর্ড পেইন্টিংকরণ। | ৪৯,৩৬১/- টাকা | মেসার্স জুঁই এন্টারপ্রাইজ | ০৫.০০% উর্ধ্বে | সিডিউল সমহার | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (২) | শহীদ সরণিস্থ শহীদ আনোয়ার গার্লস কলেজ চৌরাস্তা হতে বিএএফ গার্ডরুম পর্যন্ত এবং শহীদ মইনুল রোডের উভয় পার্শ্বের নিরপত্তা বাতির পোল (ব্রাকেট ও শেডসহ) এবং সিগন্যাল পোল পেইন্টিংকরণ। | ৪৯,৪৯৭/- টাকা | মেসার্স আলাউদ্দিন ট্রেডার্স | ০৫.০০% উর্ধ্বে | সিডিউল সমহার | -ঐ- |
| (৩) | শহীদ জাহাঙ্গীর গেইট হতে ১৩ এমপি ইউনিট পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, সাইনবোর্ড, ফুলের চারী, বিউটি স্পট, টিএন্ডটি বক্স, বাস স্ট্যান্ড, জিআই পাইপের রেলিং/গ্রীল, ট্যাংক, গাছের গোড়া, পার্ক, সাইন বোর্ড এবং সিভিল এভিয়েশন হতে শহীদ জাহাঙ্গীর গেইট পর্যন্ত [illegible] পেইন্টিং/চুনকামকরণ। | ৮৯,১১১/- টাকা | মেসার্স আমিন ব্রাদার্স | ০৪.০০% উর্ধ্বে | ০৩.০০% উর্ধ্বে | -ঐ- |
| (৪) | ১৩ এমপি ইউনিট হতে উত্তর দিকে স্বাধীনতা সরণির চৌরাস্তা পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, সাইনবোর্ড, ফুলের চারী, টিএন্ডটি বক্স, বৈদ্যুতিক বক্স, হাজী মহসিনের সামনের বাসস্ট্যান্ড, পুরাতন আরডাইএসডির কমপ্লেক্স এর সামনের রাস্তা, বিউটি স্পট, জিআই পাইপের রেলিং/গ্রীল, গাছের গোড়া, কিউবিক্যাল ইত্যাদি মেরামতসহ চুনকাম কাজ। | ৭০,৫৮৪/- টাকা | মেসার্স সরদার ট্রেডার্স | ০২.৯৫% উর্ধ্বে | ০২.৯৫% উর্ধ্বে | -ঐ- |

চলমান পাতা-১১

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৫ মোতাবেক | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত্ত দর | সিএমইএস (আর্মি) কর্তৃক ভেটিংকৃত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (৫) | স্বাধীনতা সরণির উভয় পার্শ্বের ফুটপাত, ডিভাইডার, সাইন বোর্ড, জিআই পাইপের রেলিং/গ্রীল, রজনীগন্ধা এমপি চেকপোস্ট ও বাজারের দক্ষিণ পার্শ্বের গ্রীল, বাউন্ডারী ওয়াল, জনতা ব্যাংকের বাহির সাইড ইত্যাদি মেরামত/রংকরণসহ সাইন বোর্ড লেখার কাজ। | ১,২০,১৪৩/- টাকা | মেসার্স হাবিব ট্রেডিং | ০৫.৫০% উর্ধ্বে | ০৪.০০% উর্ধ্বে | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (৬) | শহীদ আনোয়ার গার্লস কলেজের নিকটস্থ চৌরাস্তা হতে উত্তর দিকে ক্যান্টনমেন্ট বোর্ড অফিস পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, এয়ার হাউসের নিকটস্থ পার্ক, জিআই পাইপের রেলিং, ভিডাইডার, টিএন্ডটি বক্স, গাছের গোড়া ইত্যাদি মেরামতসহ রংকরণ। | ৮০,১১৬/- টাকা | মেসার্স আর এস এন্টারপ্রাইজ | ০৩.০০% উর্ধ্বে | ০৩.০০% উর্ধ্বে | -ঐ- |
| (৭) | শহীদ মইনুল রোডের আইল্যান্ড, আইল্যান্ডের ডাস্টবিন, গাছের গোড়া, সাইন বোর্ড, আরপি চেকপোস্ট, শেল বক্স, স্পীড ব্রেকার, বেঞ্চ, গার্ডেন লাইট শেড ইত্যাদি মেরামতসহ রংকরণ। | ২৫,১৪৬/- টাকা | মেসার্স রিয়া এন্টারপ্রাইজ | ০৬.০০% উর্ধ্বে | ০৩.০০% উর্ধ্বে | -ঐ- |
| (৮) | শিখা অনির্বাণের সম্মুখের ফুটপাত, গ্রীল, ঈদগাহ মাঠের গ্রীল, কেন্দ্রীয় মসজিদের সম্মুখের বাহির পার্শ্ব, গম্বুজ ও ওভারহেড ট্যাংক, গোলাপ বাগানের গ্রীল ইত্যাদি মেরামত ও রংকরণ। | ৯৬,৪১০/- টাকা | মেসার্স এম এইচ এন্টারপ্রাইজ | ০৬.৩০% উর্ধ্বে | ০১.০০% নিম্নে | -ঐ- |
| (৯) | পোস্ট অফিস হতে সেনাকুঞ্জ পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, সাইন বোর্ড, ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতাল ও পুরাতন পেট্রোল পাম্পের বাউন্ডারী ওয়াল, ফুলের ক্যায়ারী, টিএন্ডটি বক্স, গ্যারিসনের সামনের বাসস্ট্যান্ড, বিউটি স্পট, গ্রীল, গাছের গোড়া ও সাইন বোর্ড মেরামতসহ রংকরণ কাজ। | ৭৯,৭২১/- টাকা | মেসার্স মনির এন্ড কোং | ০৪.৭৫% উর্ধ্বে | ০৩.০০% উর্ধ্বে | -ঐ- |
| (১০) | সেনাকুঞ্জ হতে স্টাফ রোড পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, সাইন বোর্ড, পার্ক, বৈদ্যুতিক পোল, ফুলের চারী, টিএন্ডটি বক্স, বিউটি স্পট ও ছাতা মেরামত, গাছের গোড়া ইত্যাদি মেরামতসহ রংকরণ। | ৪৩,৭০৩/- টাকা | মেসার্স মধুমতি ট্রেডার্স | ০৫.৫০% উর্ধ্বে | ০৩.৫০% উর্ধ্বে | -ঐ- |
| (১১) | স্টাফ রোড হতে পূর্ব দিকে সমুন্নত স্বাধীনতা গেইট পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, সাইন বোর্ড, পার্ক, ফুলের চারী, টিএন্ডটি বক্স, বিউটি স্পট, সমুন্নত স্বাধীনতা গেইট, গ্রীল, গাছের গোড়া ইত্যাদি মেরামতসহ ট্যাংক, কামান রংকরণ। | ৭৪,৬৮৮/- টাকা | মেসার্স শাহাব উদ্দিন এন্টারপ্রাইজ | ০৬.০০% উর্ধ্বে | ০১.০০% নিম্নে | -ঐ- |

চলমান পাতা-১২

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০৫ মোতাবেক | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত্ত দর | সিএমইএস (আর্মি) কর্তৃক ভেটিংকৃত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (১২) | স্টাফ রোড হতে সিএমএইচ পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, সাইন বোর্ড, পার্ক, ফুলের চারী, টিএন্ডটি বক্স, বিউটি স্পট, জিআই পাইপের রেলিং/গ্রীল, গাছের গোড়া ইত্যাদি মেরামতসহ রংকরণ কাজ। | ২৮,৬৮০/- টাকা | মেসার্স এস আলম এন্টারপ্রাইজ | ০৫.০০% উর্ধ্বে | ০৫.০০% উর্ধ্বে | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (১৩) | সিএমএইচ হতে বিএএফ গার্ডরুম পর্যন্ত সাইনবোর্ড, ফুলের চারী, টিএন্ডটি বক্স, ফুটপাতের স্ল্যাব, গাছের গোড়া, সাইন বোর্ড ইত্যাদি মেরামতসহ রংকরণ কাজ। | ৪৮,৭৭৩/- টাকা | মেসার্স আজিজ কর্পোরেশন | ০৪.৫০% উর্ধ্বে | ০৪.৫০% উর্ধ্বে | -ঐ- |
| (১৪) | স্বাধীনতা সরণি ও অন্যান্য স্থানে রোড মার্কিং কাজের জন্য বার্জার পেইন্ট কোম্পানীর রং ও থিনার ক্রয়। | ২,০০,০০০/- টাকা (বাজার দর) | বার্জার পেইন্ট বাংলাদেশ লিঃ | রং প্রতি গ্যালন- ১,১৭৬/- টাকা এবং থিনার প্রতি গ্যালন- ৪৭০/৪০ টাকা হিসেবে ১,৯৯,৯২০/- টাকা | রং প্রতি গ্যালন- ১,১৭৬/- টাকা এবং থিনার প্রতি গ্যালন- ৪৭০/৪০ টাকা হিসেবে ১,৯৯,৯২০/- টাকা | বাজেট বরাদ্দ |
| (১৫) | স্বাধীনতা সরণি ও অন্যান্য স্থানে মেশিনের সাহায্যে রোড মার্কিং কাজের লেবার চার্জ। | ৯৯,৮০০/- টাকা (বাজার দর) | মেসার্স রহমান ট্রেডার্স | প্রতি বর্গফুট ৩/৫০ টাকা হিসেবে ৯৯,৭৯৯/৯৮ টাকা | প্রতি বর্গফুট ৩/৫০ টাকা হিসেবে ৯৯,৭৯৯/৯৮ টাকা | -ঐ- |

গৃহীত সিদ্ধান্ত : ২১ নভেম্বর, ২০০৬ উপলক্ষে সম্পাদিতব্য ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোল্লিখিত ১৫ (আট)টি কাজের সর্বনিম্ন দরের উপর সভায় বিস্তারিত আলোচনা করা হয়। প্রকল্পসমূহের দর বর্তমানে চলমান এমইএস এর অনুরূপ কাজের সাথে সামঞ্জস্য রেখে সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস কর্তৃক ভেটিং করা হয়েছে এবং বোর্ড সভায় নিম্নলিখিত দর অনুমোদন করা হলো। বোর্ডসভার অনুমোদিত দরে সংশ্লিষ্ট ঠিকাদারগণ কাজ করতে সম্মত থাকলে সম্মতি পত্র গ্রহণপূর্বক কার্যাদেশ প্রদানসহ উল্লেখিত কাজের গুণগত মান নিশ্চিত করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্টকে অনুরোধ করা হলো।

(১) সিডিউল সমদর অনুমোদিত।
(২) সিডিউল সমদর অনুমোদিত।
(৩) ০৩.০০% উর্ধ্বদর অনুমোদিত।
(৪) ০২.৯৫% উর্ধ্বদর অনুমোদিত।
(৫) ০৪.০০% উর্ধ্বদর অনুমোদিত।
(৬) ০৩.০০% উর্ধ্বদর অনুমোদিত।
(৭) ০৩.০০% উর্ধ্বদর অনুমোদিত।
(৮) ০১.০০% নিম্নদর অনুমোদিত।
(৯) ০৩.০০% উর্ধ্বদর অনুমোদিত।
(১০) ০৩.৫০% উর্ধ্বদর অনুমোদিত।
(১১) ০১.০০% নিম্ন উর্ধ্বদর অনুমোদিত।
(১২) ০৫.০০% উর্ধ্বদর অনুমোদিত।
(১৩) ০৪.৫০% উর্ধ্বদর অনুমোদিত।
(১৪) রং প্রতি গ্যালন- ১,১৭৬/- টাকা এবং থিনার প্রতি গ্যালন- ৪৭০/৪০ টাকা হিসেবে ১,৯৯,৯২০/- টাকা অনুমোদিত।
(১৫) প্রতি বর্গফুট ৩/৫০ টাকা হিসেবে ৯৯,৭৯৯/৯৮ টাকা অনুমোদিত।

চলমান পাতা-১৩

২৩ বিবিধ (৩) ঃ বারিধারা ডিওএইচএস এলাকার ০.৬২১৯ একর কম/বেশী জমির উপর একটি অত্যাধুনিক কমিউনিটি সেন্টার নির্মাণের নিমিত্তে অভিজ্ঞতা সম্পন্ন খ্যাতনামা স্থপতি/কনসালটিং ফার্মসমূহের নিকট হতে আর্কিটেকচারাল প্ল্যান ও ডিজাইন প্রণয়নের নিমিত্তে দরপত্র আহ্বান করা হলে গত ২৫ সেপ্টেম্বর, ২০০৬ তারিখে ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে উক্ত কাজের কনসালটেন্সি ফি বাবদ মেসার্স ইন্ডিজেনাস, ৬/৩, ব্লক-ডি, লালমাটিয়া, ঢাকা-১২০৭ কর্তৃক প্রদত্ত মোট মূল্যানুমানের উপর ১.৫% হিসেবে সর্বনিম্ন দর প্রদান করা হয়েছে। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় আলোচনা করা হলো। আলোচনান্তে বারিধারা ডিওএইচএস এলাকার ০.৬২১৯ একর কম/বেশী জমির উপর একটি অত্যাধুনিক কমিউনিটি সেন্টার নির্মাণের আর্কিটেকচারাল প্ল্যান ও ডিজাইন প্রণয়নের নিমিত্তে মেসার্স ইন্ডিজেনাস, ৬/৩, ব্লক-ডি, লালমাটিয়া, ঢাকা-১২০৭ কর্তৃক প্রদত্ত মোট মূল্যানুমানের উপর ১.৫% হিসেবে সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো।

২৩ বিবিধ (৪) ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিভিন্ন ফান্ডের (সরকারী অর্থ ব্যতীত) টাকা এফডিআরকরণ প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিভিন্ন ফান্ডের অর্থ সরকারী ব্যাংকে (সোনালী ব্যাংক, ঢাকা সেনানিবাস কর্পোরেট শাখায়) এফডিআর করে রাখা হয়। কিন্তু সরকারী ব্যাংকে এফডিআরের সুদের হার কম বিধায় সরকারী অর্থ ব্যতীত ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিভিন্ন প্রকল্পের অর্থ দি ট্রাস্ট ব্যাংক লিঃ, ঢাকা সেনানিবাস শাখায় এফডিআর হিসেবে রাখার সিদ্ধান্ত গৃহীত হলো।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

( মোঃ আব্দুল্লাহ আল মামুন )
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।

(কর্ণেল সালাহ্উদ্দীন আহমেদ)
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার
ঢাকা সেনানিবাস।